গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

নং- ৩৮.০০৭.০২২.০০০.০৬.০০.২০০৮- ২৭০

তারিখঃ ০১ ভাদ্র ১৪২৩ / ১৬ আগস্ট ২০১৬

প্রজ্ঞাপন

Registration of Private Schools Ordinance 1962 (Ord. XXB 1962 এর আওতায় বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশাপাশি নার্সারি/প্রিপারেটরি/কিন্ডারগার্টেন পদ্ধতির শিক্ষার জন্য বেসরকারি প্রাথমিক (বাংলা ও ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১১ জারী করা হয়। আশা করা হয়েছিল যে, জারিকৃত বিধিমালার আলোকে নার্সারি/প্রিপারেটরি/কিন্ডারগার্টেন পদ্ধতির শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিবন্ধিত ও পরিচালিত হবে; কিন্তু সারাদেশে অনুসরণীয় উক্ত বিধিমালা উপেক্ষা করে বেসরকারি উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে এবং নিয়ম বহির্ভূতভাবে পরিচালিত হচ্ছে। লক্ষ্য করা যায় যে, এ সকল বিদ্যালয়ের অবকাঠামোগত সুযোগ সুবিধা, ছাত্র-ছাত্রী ভর্তি, ভর্তি ফি নির্ধারণ, প্রযুক্তি ব্যবহার এবং পাঠ্যবই অন্তর্ভুক্তির ক্ষেত্রে কোনো নিয়মনীতি অনুসৃত হচ্ছে না। অন্যদিকে, পাঠ্য তালিকায় বইয়ের আধিক্যে কোমলমতি শিক্ষার্থীদের উপর মানসিক চাপ বাড়ছে মর্মে বিভিন্ন সংবাদ মাধ্যমে সংবাদ প্রকাশিত হচ্ছে।

২। এ প্রেক্ষিতে অননুমোদিতভাবে গড়ে উঠা নার্সারি/প্রিপারেটরি/কিন্ডারগার্টেন প্রতিরোধকল্পে বেসরকারি প্রাথমিক (বাংলা ও ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১১ অনুযায়ী বিদ্যমান সকল নার্সারি/প্রিপারেটরি/কিন্ডারগার্টেন যাচাইক্রমে করণীয় নির্ধারণপূর্বক সুপারিশ প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে টাস্কফোর্স গঠন করা হলো:

২.১ বিভাগীয়/মহানগরের ক্ষেত্রে:

১.	বিভাগীয় কমিশনার	- সভাপতি
২.	ডিআইজি	- সদস্য
৩.	পরিচালক, স্থানীয় সরকার	- সদস্য
৪.	সংশ্লিষ্ট জেলা প্রশাসক	- সদস্য
৫.	বিভাগীয় উপপরিচালক	- সদস্য সচিব

বিভাগীয় টাস্কফোর্স কমিটির কর্মপরিধি:

(ক) বিভাগীয় ও মহানগর এলাকায় বিদ্যমান সকল বেসরকারি প্রাথমিক (বাংলা ও ইংরেজি মাধ্যম) বিদ্যালয় (নার্সারি/প্রিপারেটরি/কিন্ডারগার্টেন) প্রতিষ্ঠার অনুমতি/নিবন্ধন সংক্রান্ত কাগজপত্র পরীক্ষা ও বিদ্যালয়ের প্রয়োজনীয়তা নিরূপণ;

(খ) বিদ্যালয় ব্যবস্থাপনা কার্যক্রম, ছাত্র-ছাত্রী ভর্তি, ফি নির্ধারণ ও আদায়, ছাত্র ও শিক্ষক অনুপাত, অবকাঠামোগত সুযোগ সুবিধা, তথ্য প্রযুক্তির ব্যবহার ও প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি পরীক্ষা;

(গ) বিদ্যালয়ের পাঠদান, সহ শিক্ষাক্রম, আর্থিক কর্মকান্ড এবং শ্রেণিভিত্তিক পাঠ্যপুস্তক অন্তর্ভুক্তি যাচাই, প্রয়োজনে সকল বিষয়ে জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটিকে নির্দেশনা ও পরামর্শ প্রদান;

(ঘ) কমিটি করণীয় বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ ১ মাসের মধ্যে মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবে।

২.২ জেলা টাস্কফোর্স কমিটি:

১.	জেলা প্রশাসক	- সভাপতি
২.	পুলিশ সুপার	- সদস্য
৩.	জেলা শিক্ষা অফিসার	- সদস্য
৪.	উপপরিচালক, সমাজসেবা	- সদস্য
৫.	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	- সদস্য সচিব

জেলা টাস্কফোর্স কমিটির কর্মপরিধি:

(ক) জেলা/পৌর এলাকায় বিদ্যমান সকল বেসরকারি প্রাথমিক (বাংলা ও ইংরেজি মাধ্যম) বিদ্যালয় (নার্সারি/প্রিপারেটরি/কিন্ডারগার্টেন) প্রতিষ্ঠার অনুমতি/নিবন্ধন সংক্রান্ত কাগজপত্র পরীক্ষা ও বিদ্যালয়ের প্রয়োজনীয়তা নিরূপণ;

(খ) বিদ্যালয়ের পাঠদান, সহ শিক্ষাক্রম, আর্থিক কর্মকান্ড এবং শ্রেণিভিত্তিক পাঠ্যপুস্তক অন্তর্ভুক্তি যাচাই, প্রয়োজনে সকল বিষয়ে উপজেলা টাস্কফোর্স কমিটিকে নির্দেশনা ও পরামর্শ প্রদান;

(গ) বিদ্যালয় ব্যবস্থাপনা কার্যক্রম, ছাত্র-ছাত্রী ভর্তি, ফি নির্ধারণ ও আদায়, ছাত্র ও শিক্ষক অনুপাত, অবকাঠামোগত সুযোগ সুবিধা, তথ্য প্রযুক্তির ব্যবহার ও প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি পরীক্ষা;

(ঘ) কমিটি করণীয় বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ ১ মাসের মধ্যে মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবে।

২.৩ উপজেলা টাস্কফোর্স কমিটি:

১.	উপজেলা নির্বাহী অফিসার	- সভাপতি
২.	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	- সদস্য
৩.	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	- সদস্য
৪.	ভারপ্রাপ্ত কর্মকর্তা	- সদস্য
৫.	উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার	- সদস্য সচিব

উপজেলা টাস্কফোর্স কমিটির কর্মপরিধি:

(ক) উপজেলা/পৌর এলাকায় বিদ্যমান সকল বেসরকারি প্রাথমিক (বাংলা ও ইংরেজি মাধ্যম) বিদ্যালয় (নার্সারি/প্রিপারেটরি/কিন্ডারগার্টেন) প্রতিষ্ঠার অনুমতি/নিবন্ধন সংক্রান্ত কাগজপত্র পরীক্ষা ও বিদ্যালয়ের প্রয়োজনীয়তা নিরূপণ;

(খ) বিদ্যালয় ব্যবস্থাপনা কার্যক্রম, ছাত্র-ছাত্রী ভর্তি, ফি নির্ধারণ ও আদায়, ছাত্র ও শিক্ষক অনুপাত, অবকাঠামোগত সুযোগ সুবিধা, তথ্য প্রযুক্তির ব্যবহার ও প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি পরীক্ষা;

(গ) বিদ্যালয়ের পাঠদান, সহ শিক্ষাক্রম, আর্থিক কর্মকান্ড এবং শ্রেণিভিত্তিক পাঠ্যপুস্তক অন্তর্ভুক্তি যাচাই;

(ঘ) কমিটি করণীয় বিষয়ে সুনির্দিষ্ট সুপারিশ ১ মাসের মধ্যে মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবে।

৩। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং এ পরিপত্রবলে গঠিত টাস্কফোর্স কমিটি অবিলম্বে কার্যক্রম শুরু করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৬.০৮.২০১৬

(গোপাল চন্দ্র দাস)
উপসচিব
ফোনঃ ৯৫১১০৭৩

উপ-পরিচালক
বাংলাদেম ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটির ২০০০ কপি গেজেট আকারে মুদ্রণের অনুরোধসহ)

নং- ৩৮.০০৭.০২২.০০০.০৬.০০.২০০৮- 290

তারিখঃ ০১ ভাদ্র ১৪২৩ / ১৬ আগস্ট ২০১৬

অনুলিপি- সদয় অবগতি ও কার্যার্থে:

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / খুলনা / বরিশাল / সিলেট / রংপুর বিভাগ।
৬। ডিআইজি, ঢাকা / চট্টগ্রাম / রাজশাহী / খুলনা / বরিশাল / সিলেট / রংপুর বিভাগ।
৭। জেলা প্রশাসক (সকল), ...
৮। পুলিশ সুপার (সকল), ...
১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৯। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, ...
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), ...
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), ...
১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল), ...
১৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ...
১৪। সমাজসেবা কর্মকর্তা (সকল), ...
১৫। প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
১৬। অফিস কপি।

১৬.০৮.২০১৬

(গোপাল চন্দ্র দাস)
উপসচিব

mollick80@yahoo.com

Proggapon